গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০২৪-২০২৫/২০২৫/২২ তারিখ: ০৭ মাঘ ১৪৩১
২১ জানুয়ারি ২০২৫

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

## [কলেজ কোড: ৩৪০১]

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admission) থেকে ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকা অনুযায়ী আগামী **২১/০১/২০২৫ তারিখ বিকাল ০৪:০০ টা হতে ২৮/০২/২০২৫ তারিখ রাত ১২:০০ টার** মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে।

ভর্তি পরীক্ষা: ০৩ মে ২০২৫, শনিবার
সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত
[পরীক্ষার্থীদেরকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত কলেজ কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।]

**আবেদনের ন্যূনতম যোগ্যতা:**

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সমূহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সমূহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.৫ | ২.৫ | ৫.৫ |
| ii) | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.৭৫ | ২.৫ | ৬.০ |

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

**(১) ভর্তির আবেদনের নিয়মাবলি:**

(ক) প্রার্থী দিনাজপুর সরকারি কলেজের নাম সিলেক্ট করলে অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিযোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

(খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং পরবর্তীতে কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।

(গ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধি/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা পূরণ করতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে। পোষ্য কোটায় শুধু জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারীদের সন্তানগণ আবেদন করতে পারবে।

**(২) আবেদন ফি ও পরিশোধ পদ্ধতি:**

(ক) প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি ৭০০/- (সাতশত) ও [মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা] সর্বমোট ৭১৫/- (সাতশত পনেরো) টাকা ডাচ্ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে।

(খ) কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এ প্রবেশ করে PAYMENT Option এ গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় প্রার্থীর যে ছবি আপলোড করা হয়েছে সেই ছবি ও মোবাইল নম্বর ব্যবহার করতে হবে। PAYMENT Option এ গিয়ে সকল তথ্য সঠিক আছে কিনা যাচাই করে তার পর পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন করতে হবে। একবার PAYMENT সম্পন্ন হলে সেই ফি/টাকা কোন অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

**বি. দ্র.** উল্লিখিত প্রক্রিয়ায় ফি পরিশোধের পর ৭২ ঘণ্টার মধ্যে আবেদন ফরম নিশ্চয়নের মেসেজ প্রদত্ত মোবাইল নম্বরে না পেলে বিজ্ঞপ্তিতে উল্লিখিত মোবাইল নম্বরে যোগাযোগের জন্য বলা হলো।

**(৩) ভর্তি পরীক্ষা সম্পর্কিত তথ্য ও নিদের্শনা:**

(ক) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন করা হবে না।

(খ) ভর্তি পরীক্ষার নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্য

<table>
<tr><th>উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা</th><th>বাংলা</th><th>ইংরেজি</th><th>বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান</th><th>বিষয়ভিত্তিক নম্বর বন্টন</th><th>MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর</th><th>এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA-এর ৪০% (৪র্থ বিষয়সহ)</th><th>এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA-এর ৪০% (৪র্থ বিষয়সহ)</th><th>সর্বমোট নম্বর</th></tr>
<tr><td>বিজ্ঞান শাখা</td><td>২০</td><td>২০</td><td>১০</td><td>পদার্থবিজ্ঞান-১৭, রসায়ন-১৭, গণিত/জীববিজ্ঞান-১৬</td><td rowspan="3">১০০ (ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫)</td><td rowspan="3">৪০</td><td rowspan="3">৬০</td><td rowspan="3">২০০</td></tr>
<tr><td>মানবিক/ গার্হস্থ্য অর্থনীতি শাখা</td><td rowspan="2">২৫</td><td rowspan="2">২৫</td><td rowspan="2">১০</td><td>৪×১০=৪০ (উচ্চমাধ্যমিক পযায়ে পঠিত বিষয়ের মধ্যে যে কোন চারটি বিষয়)</td></tr>
<tr><td>ব্যবসায় শিক্ষা শাখা</td><td>হিসাববিজ্ঞান-২০, ব্যবসায় নীতি ও প্রয়োগ-২০</td></tr>
</table>

(গ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্র (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঘ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

**(৪) আবেদন ফরম জমা:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম, কলেজে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ও ফি পরিশোধের ডাউনলোডকৃত স্লিপ নিজের কাছে সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে যা ভর্তির সময় জমা দিতে হবে।

(৫) কোটায় আবেদনের ক্ষেত্রে প্রাথমিক আবেদনপত্র, টাকা জমাদানের রসিদ ও সংশ্লিষ্ট কোটার মূল সনদপত্র নিজের কাছে সংরক্ষণ করতে হবে। ভর্তির সময় উক্ত কাগজপত্র ভর্তি কমিটি/সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। কোটার সনদ/তথ্য ভুল দিলে ভর্তির সিলেকশন বাতিল হতে পারে।

(৬) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী স্নাতক সম্মান/প্রফেশনাল/সম্মান (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তির পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(৭) ভর্তির পরীক্ষার আসন বিন্যাস ০২ মে ২০২৫ তারিখে কলেজের নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(৮) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা সম্পর্কিত হালনাগাদ তথ্য পাওয়ার জন্য প্রার্থীদেরকে নিয়মিতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয় ও দিনাজপুর সরকারি কলেজের ওয়েবসাইট ভিজিট করার পরামর্শ প্রদান করা হলো।

**প্রয়োজনে: জনাব গৌতম কুমার, সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান (মোবাইল নম্বর: ০১৭১৬২৮৮০৮৪), জনাব মো. জাহিদুল হাসান, সহকারী অধ্যাপক, গণিত (মোবাইল নম্বর: ০১৭১৪৪১৭৪১৭) ও জনাব মো. কেরামত আলী, প্রভাষক, অর্থনীতি (মোবাইল নম্বর: ০১৭২৩০২২০০৮)**

প্রতিস্বাক্ষর
21.1.25
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

21.01.2025
(মো. শাহাদাৎ হোসেন)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৪-২০২৫
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ

২. হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ

৩. অফিস নথি